গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডুমুরিয়া, খুলনা।
(www.dumuria.khulna.gov.bd)

স্মারক নম্বর ঃ ০৫.৪৪.৪৭৩০.০০১.০৫.০০১.১৮- ৬১

তারিখ ঃ ১০ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০১৮খ্রিঃ

## বাংলা ১৪২৫ সনের জন্য হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখা এর ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকে জারিকৃত নীতিমালা এবং ০১ মার্চ ২০১৬ খ্রিঃ তারিখের ৪৬.০৪১. ০৩০.১৯০০.০১৯.২০১০ (অংশ-১) নং স্মারকে জারিকৃত পরিপত্র মোতাবেক ডুমুরিয়া উপজেলাধীন হাট-বাজারসমূহ বাংলা ১৪২৫ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত সময়সূচি ও শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাট/বাজারের নাম | বাংলা ১৪২৫ সনের সরকারী সম্ভাব্য মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ধামালিয়া | বরুনা হাট | ৬৯,৭৫০/- | ৫০০/- |
| ০২ | " | ধামালিয়া হাট | ৯২৫/- | ৫০০/- |
| ০৩ | " | কাটেংগা হাট | ২২০/- | ৫০০/- |
| ০৪ | " | চেচুড়ী হাট | ২২০/- | ৫০০/- |
| ০৫ | রঘুনাথপুর | শাহাপুর হাট | ৪৬,৬৫,৫৫০/- | ১০,০০০/- |
| ০৬ | " | রঘুনাথপুর হাট | ৪০,৪৬০/- | ৫০০/- |
| ০৭ | " | থুকড়া হাট | ১,১৩,৬০০/- | ১,০০০/- |
| ০৮ | রুদাঘরা | মিকশিমিল হাট | ৭৩,২৬০/- | ৫০০/- |
| ০৯ | " | রুদাঘরা হাট | ১,৩২০/- | ৫০০/- |
| ১০ | " | হাসানপুর হাট | ২,৭১৫/- | ৫০০/- |
| ১১ | " | শোলগাতিয়া হাট | ৯,৯৭৫/- | ৫০০/- |
| ১২ | খর্নিয়া | খর্নিয়া হাট | ৩৫,৯৮,৮৫০/- | ৭,৮০০/- |
| ১৩ | " | টিপনা হাট | ৭৯,৪০০/- | ৫০০/- |
| ১৪ | আটলিয়া | চুকনগর হাট | ২২,৪৯,৩২৫/- | ৫,২০০/- |
| ১৫ | " | কাঠালতলা হাট | ১২,১৫০/- | ৫০০/- |
| ১৬ | " | বয়ারসিং হাট | ১,৪৪০/- | ৫০০/- |
| ১৭ | মাগুরাঘোনা | আঠারমাইল হাট | ৪১,৩৬,৭৫০/- | ৯,০০০/- |
| ১৮ | শোভনা | মাদারতলা হাট | ৩৩,৩০০/- | ৫০০/- |
| ১৯ | " | গাবতলা হাট | ৪,৪৫৫/- | ৫০০/- |
| ২০ | " | **শোভনা পঃ পাড়া হাট** | ৩,৩১০/- | ৫০০/- |
| ২১ | " | জিয়ালতলা হাট | ২২০/- | ৫০০/- |
| ২২ | শরাফপুর | বানিয়াখালী হাট | ১,২৭,৮০৫/- | ১,০০০/- |
| ২৩ | " | শরাফপুর হাট | ২৭,৫৬০/- | ৫০০/- |
| ২৪ | " | বসুন্দিয়া হাট | ১০,৭৫০/- | ৫০০/- |
| ২৫ | সাহস | নোয়াকাটি হাট | ১৪,৮২৫/- | ৫০০/- |
| ২৬ | " | **নোয়াকাটি মাঠের হাট** | ৫,৫৬০/- | ৫০০/- |
| ২৭ | ভান্ডারপাড়া | কাঞ্চননগর হাট | ৫,৯১০/- | ৫০০/- |
| ২৮ | " | বান্দা হাট | ১,৩৫০/- | ৫০০/- |
| ২৯ | " | মইখালী হাট | ৩,৯০০/- | ৫০০/- |
| ৩০ | ডুমুরিয়া | ডুমুরিয়া হাট | ১০,৩৯,৯৫০/- | ২,৮০০/- |
| ৩১ | রংপুর | শলুয়া হাট | ২০,৯৭৫/- | ৫০০/- |
| ৩২ | " | **রংপুর কাটাখাল হাট** | ১২,২২৫/- | ৫০০/- |
| ৩৩ | গুটুদিয়া | গুটুদিয়া হাট | ১৮,৭৫৫/- | ৫০০/- |
| ৩৪ | মাগুরখালী | শিবনগর হাট | ১০,১৪০/- | ৫০০/- |
| ৩৫ | " | কাঠালিয়া হাট | ৪,৫৪০/- | ৫০০/- |

দরপত্রসমূহ নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (স্থানীয় সরকার শাখা)/নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/ সহকারী কমিশনার (ভূমি), ডুমুরিয়া এর কার্যালয়/ ডুমুরিয়া থানা/সোনালী ব্যাংক লিঃ, ডুমুরিয়া শাখা হতে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ক্রয় করা যাবে এবং জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (স্থানীয় সরকার শাখা)/পুলিশ সুপার,খুলনার কার্যালয়/নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/ সহকারী কমিশনার (ভূমি), ডুমুরিয়া এর কার্যালয়ে দরপত্র দাখিল করা যাবে। উল্লিখিত অফিসসমূহ হতে দরপত্রসমূহ সংগ্রহ করে দরপত্র দাতাদের উপস্থিতিতে ( যদি কেউ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা হবে।

| পর্বসমূহ | দরপত্র বিক্রির তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৩/০২/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১৪/০২/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১.৩০ মিঃ পর্যন্ত | ১৪/০২/২০১৮খ্রিঃ তারিখ বিকাল ৩.৩০ মিঃ |
| ২য় | ১৫/০২/২০১৮ হতে ২৬/০২/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৭/০২/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১.৩০ মিঃ পর্যন্ত | ২৭/০২/২০১৮খ্রিঃ তারিখ বিকাল ৩.৩০ মিঃ |
| ৩য় | ২৮/০২/২০১৮ হতে ১১/০৩/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১২/০৩/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১.৩০ মিঃ পর্যন্ত | ১২/০৩/২০১৮খ্রিঃ তারিখ বিকাল ৩.৩০ মিঃ |
| ৪র্থ | ১৩/০৩/২০১৮ হতে ২২/০৩/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৫/০৩/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১.৩০ মিঃ পর্যন্ত | ২৫/০৩/২০১৮খ্রিঃ তারিখ বিকাল ৩.৩০ মিঃ |
| ৫ম | ২৭/০৩/২০১৮ হতে ০৪/০৪/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ০৫/০৪/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১.৩০ মিঃ পর্যন্ত | ০৫/০৪/২০১৮খ্রিঃ তারিখ বিকাল ৩.৩০ মিঃ |

উল্লেখ্য যে, ১ম পর্বে যে হাট-বাজার/হাটসমূহের দরপত্র অনুমোদিত হবে পরবর্তী পর্বে সে হাটের দরপত্র বিক্রি হবে না। একইভাবে অন্যান্য পর্বসমূহ পরিচালিত হবে।

শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪২৫সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ০১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে **উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা**-এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থসহ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহ্বান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৮। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

০৯। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১১। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১২। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৩। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

১৪। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

চলমান পাতা/০৩

১৫। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৬। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোহাম্মদ আশেক হাসান
উপজেলা নির্বাহী অফিসার,
ডুমুরিয়া,খুলনা।
টেলিফোন ঃ ০৪০২৫-৫৬০০১ (অফিস)
ফ্যাক্স ঃ ০৪০২৫-৫৬১৬০ (অফিস)
ই-মেইল : unodumuria@mopa.gov.bd

স্মারক নম্বর ঃ ০৫.৪৪.৪৭৩০.০০১.০৫.০০১.১৮- ৬১ (২০০)

তারিখ ঃ ১০ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০১৮খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

০১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০২। জেলা প্রশাসক, খুলনা।
০৩। পুলিশ সুপার, খুলনা।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, কয়রা/ দাকোপ/ পাইকগাছা/ বটিয়াঘাটা/ রূপসা/ ফুলতলা/ তেরখাদা/ দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা .................................. .................কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। বিজ্ঞপ্তিটি তার নোটীশ বোর্ডে টাঙিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, ডুমুরিয়া শাখা, খুলনা।
১০। চেয়ারম্যান, .................................... ইউনিয়ন পরিষদ (সকল), ডুমুরিয়া, খুলনা। বিষয়টি তার এলাকার হাট-বাজারসহ জনবহুল স্থানসমূহে মাইক/ ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..................................... ইউনিয়ন ভূমি অফিস, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি তার এলাকাধীন হাট- বাজারসহ জনবহুল স্থানসমূহে মাইক/ ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। জনাব ................................................................... ইজারাদার, .................................. হাট-বাজার, ডুমুরিয়া, খুলনা।
১৩। অফিস নথি/ নোটিশ বোর্ড/ওয়েব পোর্টাল কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা।